## জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটির মে ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ১২/০৫/২০২৫ খ্রি.
সময় : দুপুর ১২.০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

আলোচ্য বিষয়:
১। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি এ সভার সদস্য সচিবকে অনুরোধ জানান।

সদস্য সচিব ও উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় খানসামা উপজেলার অনুকূলে প্রতিটি ইউনিয়নে ১২টি করে মোট ৭২টি নলকূপ বরাদ্দ পাওয়া গেছে এবং সেগুলোর বোরিং কাজ চলমান রয়েছে।

সদস্য সচিব ও উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় আরও জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় খানসামা উপজেলায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করার জন্য পাকেরহাটের দক্ষিণ পার্শ্বে বড় মাঠ সংলগ্ন স্থানে ১০০০০০ (এক লক্ষ) ওভারহেড পানির ট্যাংক স্থাপনের কাজ চলমান রয়েছে। কাজটি বাস্তবায়ন হলে ৩০০-৩৫০ টি পরিবার পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ খাবার সুপেয় পানি পাবে।

সদস্য সচিব ও উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় আরও জানান যে, খানসামা উপজেলায় স্যানিটেশনের শতকরা হার ৯১.৯২%। প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে স্যানিটেশন কভারেজ ১০০% উন্নীতকরণের জন্য এডিপি/ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল থেকে অফসেট/ইমপ্রুভ টয়লেট নির্মাণের জন্য অনুরোধ করেন।

বিবিধ আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৫/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ
বিষয়ক উপজেলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
খানসামা, দিনাজপুর।

স্মারক নং : ৪৬.০৩.২৭৬০.৪০১.১৫.০১১.১৯-৬৮ তারিখ : ১২/০৫/২০২৫ খ্রি.

০১। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০২। চেয়ারম্যান,...........নং....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৩। জনাব/বেগম...........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৪। সংশ্লিষ্ট নথি।

১২/০৫/২৫
(মোঃ মিরাজুল ইসলাম)
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ
বিষয়ক উপজেলা কমিটি
ও
উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
খানসামা, দিনাজপুর।

পরিশিষ্ট "ক"

তারিখ-১২/০৫/২০২৫ খ্রি.

| ক্রমিক নং | কর্মকর্তা/সদস্যগনের নাম ও পদবী | সভায় পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | মোঃ রিয়াজুল ইসলাম, চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | মোঃ আবুবকর সিদ্দিক চৌধুরী, চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | মোঃ রবিউল আলম তুহিন, চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ সিরাজ আলী, অবসরপ্রাপ্ত শিক্ষক, খানসামা ডিগ্রী কলেজ, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | জনাব আরিফুল আলম পল্লব, সমাজকর্মী সানফ্লাওয়ার, খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | মোঃ মিরাজুল সিলাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব | |